ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো)
WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED (WZPDCL)
(An Enterprise of Bangladesh Power Development Board)

স্মারক নং-২৭.২২.৪৭৮৫.০০২.২৭.১১৬.২৩-১৫১৭

তারিখঃ ২৭ জুন ২০২৪ খ্রিঃ
১৩ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ

# দপ্তরাদেশ

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)-এ সহকারী কোম্পানি সচিব এর শূন্য পদে শর্ত সাপেক্ষে নিম্নে বর্ণিত প্রার্থীকে চুক্তি ভিত্তিক নিয়োগ প্রদান করা হলোঃ

| ক্রম | রোল নম্বর | নাম ও জন্ম তারিখ | পিতা ও মাতার নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ১৯০৪৪ | মো: আনোয়ার হোসেন<br>২৬/১১/১৯৯১ | পিতা: মো: আলতাব হোসেন<br>মাতা: আনোয়ারা বেগম | গ্রাম: বাবুপুর<br>ডাকঘর: আলালপুর<br>থানা: দেলদুয়ার<br>জেলা: টাঙ্গাইল | গ্রাম: বাবুপুর<br>ডাকঘর: আলালপুর<br>থানা: দেলদুয়ার<br>জেলা: টাঙ্গাইল |

সহকারী কোম্পানি সচিব পদে নিয়োগের শর্তাবলীঃ

১। আগামী ১৪/০৭/২০২৪ খ্রি: তারিখে ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, খুলনা বরাবর ওজোপাডিকো'র নির্ধারিত ফরম অনুযায়ী যোগদান পত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ে যোগদান না করলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

২। ওজোপাডিকো'র চাকুরী বিধি মোতাবেক ১ (এক) বছরের জন্য প্রবেশনে নিয়োগ প্রদান করা হলো। কর্তৃপক্ষ লিখিতভাবে প্রবেশনকাল বর্ধিত করতে অথবা প্রবেশনকাল সন্তোষজনক না হলে চাকুরীর অবসান ঘটাতে পারবে। প্রবেশনকাল সন্তোষজনক হলে প্রবেশনকালসহ পরবর্তীতে সর্বোচ্চ ৫(পাঁচ) বৎসরের জন্য চাকুরীর মেয়াদ বিবেচনা করা যেতে পারে। প্রবেশনকালে কারো চাকুরীর ক্ষেত্রে কোন ধরণের শৃঙ্খলাভঙ্গজনিত কার্যক্রম গৃহীত হলে বা তথ্যগত ত্রুটি/বিচ্যুতি পরিলক্ষিত হলে বা পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে কিংবা কাজের ক্ষেত্রে কর্ম মূল্যায়ন সন্তোষজনক না হলে তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।

৩। ০১ (এক) বছর সময়ের মধ্যে চাকুরী বিধি অনুযায়ী সন্তোষজনক পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া গেলে অথবা প্রতিবেদন অসন্তোষজনক হলে অথবা অন্যান্য পরীক্ষার সনদ মিথ্যা/ভুল প্রমাণিত হলে কোনরুপ কারণ দর্শানো ছাড়াই সংশ্লিষ্ট এমপ্লয়ীর নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।

৪। যোগদানের সময় কোন সিভিল সার্জনের নিকট হতে শারীরিক সুস্থতা (ডোপ টেস্টসহ) সম্বন্ধীয় একটি সার্টিফিকেট দাখিল করতে হবে (উক্ত সার্টিফিকেটে ডোপ টেস্টের বিষয়টি পজেটিভ অথবা নেগেটিভ তা সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে)।

৫। যোগদানপত্রের সাথে ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ৪ কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি এবং জাতীয় পরিচয় পত্রের ফটোকপি দাখিল করতে হবে।

৬। বেতন ও ভাতাদিঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | বেতন স্কেল | : | ৫১,০০০/= (একান্ন হাজার টাকা)। |
| (খ) | বার্ষিক বেতন বৃদ্ধির হার | : | নিজ নিজ বেতন গ্রেডের মূল বেতনের ৪% হারে প্রাপ্য হবেন। |
| (গ) | বাড়ী ভাড়া ভাতা | : | খুলনা এবং বরিশাল সিটি কর্পোরেশন এলাকায় নিজ নিজ বেতন মালার মূল বেতনের ৫০% এবং অন্যান্য এলাকার জন্য ৪০% হারে। |
| (ঘ) | চিকিৎসা ভাতা | : | সর্বোচ্চ ০২(দুই)টি মূল বেতনের সমপরিমাণ অর্থ (চিকিৎসাপত্র ও ভাউচার দাখিল সাপেক্ষে) চিকিৎসা ব্যয় প্রতিপূরণ প্রাপ্য হবেন। |
| (ঙ) | যাতায়াত ভাতা | : | ওজোপাডিকো'র বেতন কাঠামো অনুযায়ী। |
| (চ) | অন্যান্য ভাতা | : | ওজোপাডিকো'র বেতন কাঠামো অনুযায়ী (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| (ছ) | আয়কর | : | এমপ্লয়ীকে নিজ আয়কর পরিশোধ করতে হবে। |
| ৭। | উৎসব বোনাস | : | প্রতি বৎসর মূল বেতন অনুযায়ী ২(দুই) টি উৎসব বোনাস প্রদান করা হবে। মূল বেতনের ২০% নববর্ষ ভাতা প্রাপ্য হবেন। |
| ৮। | ইনসেনটিভ বোনাস | : | ওজোপাডিকো'র চাকুরী বিধি মোতাবেক। |
| ৯। | ছুটি | : | ওজোপাডিকো'র চাকুরী বিধি মোতাবেক। |
| ১০। | প্রভিডেন্ট ফান্ড | : | ওজোপাডিকো'র চাকুরী বিধি মোতাবেক। |
| ১১। | গ্রাচ্যুইটি | : | ওজোপাডিকো'র চাকুরী বিধি মোতাবেক। |
| ১২। | গ্রুপ ইনস্যুরেন্স | : | নিয়োগ-চুক্তির তারিখ / দিন হতে গ্রুপ ইন্স্যুরেন্স পলিসি- এর আওতায় নিয়োগকালীন সময়ের মধ্যে দুর্ঘটনা জনিত কারণে অক্ষমতা অথবা মৃত্যুর জন্য জীবনবীমা করা হবে (গ্রুপ ইনস্যুরেন্স পলিসি এর শর্ত মোতাবেক সুবিধা প্রদান করা হবে)। |

| | | | |
|---|---|---|---|
| ১৩। | চাকুরীর অবসান | : | ওজোপাডিকো'র চাকুরী বিধি মোতাবেক। |
| ১৪। | চাকুরীতে ইস্তফা | : | ওজোপাডিকো'র চাকুরী বিধি মোতাবেক। |
| ১৫। | সার্ভিস বেনিফিট | : | ওজোপাডিকো'র চাকুরী বিধি মোতাবেক। |
| ১৬। | চাকুরীর শর্ত সংশোধন/পরিবর্তন | : | উপরে উল্লিখিত নিয়োগ ও সার্ভিস বেনিফিট সংক্রান্ত যে কোন শর্ত কোম্পানির বিধির আওতায় অথবা কোন ভুল তথ্যের কারণে প্রয়োজন হলে পরিবর্তন, সংশোধন ও বাতিল করার ক্ষমতা কোম্পানি সংরক্ষণ করে। |

১৭। ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)-এর ভৌগোলিক এলাকার যে কোন দপ্তরে পদস্থ করলে চাকুরী করতে বাধ্য থাকতে হবে।

১৮। কোম্পানির চাকুরী বিধির সমুদয় শর্ত মেনে চলতে এবং কোম্পানি কর্তৃক সময়ে সময়ে সংশোধিত শর্তও মেনে চলতে বাধ্য থাকতে হবে। ওজোপাডিকো'র চাকুরী বিধি, অন্যান্য বিধিমালা/নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত আদেশসমূহ মেনে উল্লিখিত শর্তাবলীতে চাকুরী করতে সম্মত আছেন মর্মে এ নিয়োগপত্রের একটি কপিতে স্বাক্ষর করে সম্মতি প্রকাশ করতে হবে।

নির্দেশক্রমে,

২৭/০৬/২৪

মোঃ আলমগীর কবীর
মহাব্যবস্থাপক (প্রশাসন)
ওজোপাডিকো, খুলনা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১. চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো।
২. ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, খুলনা।
৩. নির্বাহী পরিচালক (পরিচালন/পিএন্ডডি/প্রশাসন/অর্থ) ওজোপাডিকো, খুলনা।
৪. প্রধান প্রকৌশলী, ইএসসিএস/পিএন্ডডি/ওএন্ডএম/মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), ওজোপাডিকো, খুলনা।
৫. কোম্পানি সচিব/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প-পরিচালক/উপ-মহাব্যবস্থাপক.........................
৬. নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো ট্রেনিং ইন্সটিটিউট, ওজোপাডিকো, খুলনা।
৭. নির্বাহী প্রকৌশলী, সিস্টেম এনালিস্ট, ওজোপাডিকো, খুলনা।
৮. অফিস কপি।

প্রার্থী কর্তৃক নিয়োগের শর্তাবলীতে সম্মত মর্মে স্বাক্ষর

(---------------------------------------------------------)